38

তারিখ ... 30 OCT 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

দৈনিক বাংলা

# এসএসসি প্রাইভেট পরীক্ষার্থীদের জ্ঞাতব্য

শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা '৯৫-এ প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগহণে ইচ্ছুক ও সংশ্লিষ্টদের জ্ঞাতার্থে জানিয়েছে, দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীন যে কোন অনুমোদিত উচ্চ বিদ্যালয় হতে যে সকল ছাত্রছাত্রীর নাম রেজিষ্ট্রেশন হয়েছে এবং উক্ত রেজিষ্ট্রেশন মেয়াদ উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই এসএসসি পরীক্ষা নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে, অংশগ্রহণ করতে পারবে। তবে তাদের অবশ্যই মূল রেজিষ্ট্রেশন কার্ড আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যালয়ে জমা দিতে হবে।

রেজিষ্ট্রেশনধারী কোন ছাত্রছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করে প্রথম বার অকৃতকার্য হলে, পরীক্ষায় অংশগ্রহণ না করলে এবং রেজিষ্ট্রেশন মেয়াদ আছে এরূপ ছাত্রছাত্রীরাও নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকেও আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যালয়ে মূল রেজিষ্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

পুলিশ, আনসার, বিডিআর, প্রতিরক্ষা বাহিনীর সদস্য, শিক্ষক, অন্ধ এবং জেল হতে প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায় নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে তাদের পরীক্ষায় অংশগ্রহণের বছরের ন্যূনতম তিন বছর পূর্বে ৮ম শ্রেণী পাস করেছে এই মর্মে কোন অনুমোদিত বিদ্যালয়ের সনদপত্র আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যালয়ে জমা দিতে হবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।